

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং- মাউশি/সেসিপ/২-২৬০/বিবিধ (অংশ-১)/২০১৬/৬০৯

তারিখ: ২৪ .৬.২০১৭ খ্রি.

বিষয় : শিক্ষক শিক্ষাক্রম নির্দেশিকা (টিচার্স কারিকুলাম গাইড) ও অন্যান্য প্রশিক্ষণ ম্যানুয়েল বিতরণ ও সংরক্ষণ প্রসঙ্গে।

- সূত্র : (০১) স্মারক নং- মাউশি/সেসিপ/১-১০৭/মালামাল বিতরণ/২০১৪/৩৯৯, তারিখঃ ০১.৬.২০১৭ খ্রি.  
(০২) স্মারক নং- মাউশি/সেসিপ/১-১০৭/মালামাল বিতরণ/২০১৪/৪০০, তারিখঃ ০১.০৬.২০১৭ খ্রি.  
(০৩) স্মারক নং- মাউশি/সেসিপ/১-১০৭/মালামাল বিতরণ/২০১৪/৪০১, তারিখঃ ০১.০৬.২০১৭ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও ১, ২ এবং ৩ নং সূত্রস্থ পত্রের অনুবৃত্তিক্রমে সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম হতে ইতোমধ্যে প্রতিটি জেলা শিক্ষা অফিস ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে বিষয়ভিত্তিক শিক্ষক শিক্ষাক্রম নির্দেশিকা (টিচার্স কারিকুলাম গাইড), লীডারশীপ ট্রেনিং ম্যানুয়েল ও পিবিএম ম্যানুয়েল প্রেরণ করা হয়েছে। বর্ণিত ম্যানুয়েল বিতরণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণের পরামর্শ দেয়া হল:-

জেলা শিক্ষা অফিসের ক্ষেত্রে :-


ক) জেলা শিক্ষা অফিসের তত্ত্বাবধানে আয়োজিত এতদসংক্রান্ত শিক্ষক শিক্ষাক্রম নির্দেশিকা প্রশিক্ষণের সময় প্রশিক্ষণার্থী শিক্ষকগণকে স্ব স্ব বিষয়ের ০৩ টি করে টিচার্স কারিকুলাম গাইড (৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণী) বিতরণ করতে হবে এবং একটি বিতরণ বিবরণী সংরক্ষণ করতে হবে। চলতি জুন ২০১৭ মাসে চলমান প্রশিক্ষণ সমাপ্তির পর অবশিষ্ট টিচার্স কারিকুলাম গাইড যত্ন সহকারে সংরক্ষণ করতে হবে। আগামী আগস্ট-২০১৭ মাস হতে অবশিষ্ট শিক্ষকগণের জন্য পরিকল্পিত প্রশিক্ষণ কর্মসূচিতে এসব টিচার্স কারিকুলাম গাইড ব্যবহৃত হবে।

খ) লীডারশীপ ম্যানুয়েল আগামী আগস্ট-২০১৭ মাস হতে অনুষ্ঠেয় প্রতিষ্ঠান প্রধানগণের প্রশিক্ষণে ব্যবহৃত হবে।

গ) এছাড়াও গত মে ২০১৭ মাসে অনুষ্ঠিত জীবন দক্ষতাভিত্তিক শিক্ষা বিষয়ক প্রশিক্ষণের পূর্বে ৪৪ টি জেলা শিক্ষা অফিসে সংশ্লিষ্ট প্রশিক্ষণের ম্যানুয়েল প্রেরিত হয়েছে। চলতি জুন ২০১৭ মাসে চলমান জীবন দক্ষতাভিত্তিক শিক্ষা বিষয়ক প্রশিক্ষণ সমাপ্তির পর অবশিষ্ট ম্যানুয়েল ভবিষ্যতে এতদসংক্রান্ত প্রশিক্ষণের জন্য সংরক্ষণ করতে হবে।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের ক্ষেত্রে :-

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ তাঁর অধিক্ষেত্রস্থ এলাকায় অবস্থিত মাধ্যমিক/নিম্নমাধ্যমিক পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের প্রতিটিতে ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণীর ০৫টি বিষয়ের ০১ সেট করে শিক্ষক শিক্ষাক্রম নির্দেশিকা (টিচার্স কারিকুলাম গাইড) সরবরাহ করবেন এবং বিতরণ বিবরণী সংরক্ষণ করবেন। প্রতিটি প্রতিষ্ঠান মোট ১৫ টি করে (প্রতি শ্রেণির ৫ টি) শিক্ষক শিক্ষাক্রম নির্দেশিকা প্রাপ্য হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে প্রেরিত পিবিএম ম্যানুয়েল বিতরণ বিষয়ে মাউশি অধিদপ্তরের একসেস এন্ড কোয়ালিটি এস্যুরেন্স ইউনিট হতে পৃথক নির্দেশনা প্রেরিত হবে।



(মোঃ আবু ছাইদ শেখ)  
অতিরিক্ত সচিব  
যুগ্ম প্রোগ্রাম পরিচালক  
টেলিফোন: ৯৫৫৩৭১২

জেলা শিক্ষা অফিসার (সকল)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)


স্মারক নং- মাউশি/সেসিপ/২-২৬০/বিবিধ (অংশ-১)/২০১৬/৬০৯

তারিখ: ২৪ .৬.২০১৭ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।

৩. সদস্য (কারিকুলাম), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৪. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৫. পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাউশি (সকল)।
৬. উপ পরিচালক (একিউএইউ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৭. প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-৩), এসপিএসইউ, সেসিপ ([www.sesip.gov.bd](http://www.sesip.gov.bd)) ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. সংরক্ষণ নথি।

  
১৪.০৬.২০১৭

(মোহাম্মদ সাজ্জাদ হোসেন)

সহকারী অধ্যাপক

প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-২)

টেলিফোন: ৯৫৭৩৮৪৩